

এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

হিসাববিজ্ঞান
সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড:

১	৪	৬
---	---	---

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।

ক-বিভাগ

১.▶

‘মোনা ফ্যাশনের’

রেওয়ামিল

৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত (২০১৫)

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ	৩০,০০০	
ক্রয় ও বিক্রয়	৪০,০০০	১,২০,০০০
ফেরত	২,০০০	৩,০০০
মজুরি ও বেতন	৭,০০০	
পরিবহন	২,৫০০	
বাট্টা	১,৭৫০	২,৫৫০
সাধারণ খরচ	১,০০০	
আসবাবপত্র ও উপভাড়া	৩৪,৬০০	১৭,৩০০
বিজ্ঞাপন (৫ বছরের জন্য)	২,৫০০	
বিবিধ দেনাদার	২২,০০০	
শিক্ষানবিশ ভাতা ও সেলামি	২,০০০	৩,০০০
	<u>১,৪৫,৮৫০</u>	<u>১,৪৫,৮৫০</u>

সমন্বয়সমূহ: i. সমাপনী মজুদ: ক্রয়মূল্য ২৫,০০০ টাকা ও বাজারমূল্য ২৮,০০০ টাকা। ii. ধারে পণ্য বিক্রয় ৮,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। iii. অব্যবহৃত মনিহারি ১,০০০ টাকা ও মজুরি অগ্রিম ৫০০ টাকা। iv. দেনাদারের ওপর ১০% কুঞ্চণ সঞ্চিত ধরো।

- ক. ‘মোনা ফ্যাশনের’ মোট কত টাকার বিক্রয় হয়? ২
- খ. ‘মোনা ফ্যাশনের’ মোট মুনাফা কত? ৪
- গ. ‘মোনা ফ্যাশনের’ ২০১৫ এর নিট মুনাফা বের করো। ৪

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
প্রারম্ভিক মজুদ	১০,০০০	
উত্তোলন ও মূলধন	১৫,০০০	২,০১,০০০
ক্রয় ও বিক্রয়	১,০০,০০০	২,০০,০০০
বেতন	২,৫০০	
মনিহারি	২,০০০	
বিমা সেলামি	২,০০০	
প্রাপ্ত কমিশন		১,০০০
হাতে নগদ	১৯,০০০	
দেনাদার ও পাওনাদার	২৬,৫০০	২০,০০০
১০% বিনিয়োগ	৪০,০০০	
দালানকোঠা	১,৮০,০০০	
১৩% ঋণ (১/১/২০১৬)		৭৫,০০০
	৩,৯৭,০০০	৩,৯৭,০০০

সমস্বয়সমূহ: i. সমাপনী মজুদ পণ্যের মূল্য ২৫,০০০ টাকা। ii. বেতন ৫০০ টাকা অগ্রিম প্রদান করা হয়েছে পক্ষান্তরে বিমা সেলামি ১,০০০ টাকা বকেয়া রয়েছে। iii. মূলধন ও উত্তোলনের সুদ ৫% ধরতে হবে। iv. দালানকোঠার অবচয় ৫% এবং ঋণের সুদ যথাযথভাবে ধরতে হবে।

- ক. কাকলী এন্টারপ্রাইজের চলতি দায় কত? ২
- খ. মোট লাভ ১,০৫,০০০ টাকা ধরে কাকলী এন্টারপ্রাইজের একটি বিশদ আয়-ব্যয় বিবরণী তৈরি করো। ৪
- গ. কাকলী এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

খ-বিভাগ

৩.► ২০১৫ সালের এপ্রিল মাসে জনাব মাহিরের ব্যবসায়ের ঘটনাগুলো নিম্নরূপ:

- এপ্রিল ১ নগদ ৫০,০০০ টাকা মূলধন আনা হলো।
" ৭ একটি কম্পিউটার ক্রয় ২৫,০০০ টাকা।
" ১০ চেকের মাধ্যমে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।
" ২৩ আকরামের কাছ থেকে ১২,০০০ টাকা পণ্য ক্রয়।
" ২৯ পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।

- ক. জনাব মাহিরের মোট ক্রয় কত? ২
খ. জনাব মাহিরের স্বত্বাধিকারের পরিমাণ কত? ৪
গ. ১-২৩ পর্যন্ত লেনদেনগুলো সমীকরণের ভিত্তিতে কারণসহ ব্যাখ্যা করো। ৪

৪.► সুপর্ণা ট্রেডার্সের ২০১৬ সালের জানুয়ারি মাসের লেনদেনগুলো নিম্নরূপ:

- জানু. ৫ রনীর নিকট হতে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা।
" ৯ কমিশন দেয়া হলো ৮০০ টাকা।
" ১২ কর্মচারীদের বেতন প্রদান ৩,০০০ টাকা।
" ১৬ রনীকে প্রদান ৫,০০০ টাকা।
" ২৩ সজলের নিকট পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা।
" ৩০ সজলের নিকট হতে প্রাপ্তি ১৩,০০০ টাকা।

- ক. সুপর্ণা ট্রেডার্সের মুনাফাজাতীয় ব্যয় কত? ২
খ. সুপর্ণা ট্রেডার্সের দেনাদার ও পাওনাদারের মধ্যে পার্থক্যের পরিমাণ কত? ৪
গ. ৫-১৬ পর্যন্ত লেনদেনগুলোর হিসাবের শ্রেণি দেখাও। ৪

৫.► জনাব আসিফ ২০১৪ সালের ১ মার্চ নগদ ৮০,০০০ টাকা, ১৫,০০০ টাকার ঋণ ও ৩০,০০০ টাকার অফিস সরঞ্জাম নিয়ে ব্যবসায় শুরু করেন। তার উক্ত মাসের লেনদেনগুলো নিম্নরূপ:

- মার্চ ৭ ব্যাংকে ১০,০০০ টাকা দিয়ে হিসাব খোলা হলো।
" ১১ চাতকের নিকট হতে পণ্য ক্রয় ৯,০০০ টাকা।
" ১৫ রাজুকে বেতন প্রদান ১,০০০ টাকা।
" ১৯ নগদ বিক্রয় ১০,০০০ টাকা।
" ২২ চাতককে চেকে প্রদান ৩,০০০ টাকা।
" ৩০ চেকে বাড়িভাড়া প্রাপ্তি ৫,০০০ টাকা।

- ক. আসিফের প্রারম্ভিক মূলধন কত? ২
 খ. ১৫-৩০ এর লেনদেনগুলোর জাবেদা করো। ৪
 গ. খতিয়ান করো: নগদান হিসাব, ব্যাংক হিসাব, মূলধন হিসাব ও ক্রয় হিসাব। ৪

৬. ▶ 'সুখী এন্টারপ্রাইজের' ২০১৪ সালের জানুয়ারি মাসে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ:

- জানু. ১ নগদ উদ্বৃত্ত ৪০,০০০ টাকা ও ব্যাংক উদ্বৃত্ত ২০,০০০ টাকা।
 " ৫ ব্যাংকে জমা দেয়া হলো ২০,০০০ টাকা।
 " ৮ সজীবের নিকট হতে পণ্য ক্রয় ৯,০০০ টাকা।
 " ১১ রাজিবের কাছে পাওনা ১০,০০০ টাকা চেকে প্রাপ্তি।
 " ১৫ পৌষীর নিকট হতে নগদে ১,০০০ টাকার পণ্য ক্রয়।
 " ১৯ মালিক ২০০ টাকার পণ্য উত্তোলন করলেন।
 " ২৫ পণ্য বিক্রয় নগদে ১০,০০০ ও চেকে ৫,০০০ টাকা।
 " ৩০ ব্যাংকে জমা দেয়া হলো ৮,০০০ টাকা।

- ক. নগদান বই বহির্ভূত লেনদেনের পরিমাণ কত? ২
 খ. ১৫-৩০ লেনদেনগুলো কারণসহ ডেটর-ক্রেডিটর নির্ণয় করো। ৪
 গ. সুখী এন্টারপ্রাইজের একটি উপর্যুক্ত করা নগদান বই প্রস্তুত করো। ৪

৭. ▶ বাশার সাহেব একজন ছোটখাট ব্যবসায়ী। তিনি দুতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব রাখেন না। ২০১৫ সালে তিনি উত্তোলন করেন ২৫,০০০ টাকা এবং অতিরিক্ত মূলধন আনেন ৩৫,০০০ টাকা। নিম্নোক্ত তথ্যাবলি তার হিসাবের বই হতে সংগ্রহকৃত:

	১/১/১৫	৩১/১২/১৫
হাতে নগদ	৩০,০০০	৪০,০০০
মজুদ পণ্য	২৫,০০০	১০,০০০
দেনাদার	১৫,০০০	৯,০০০
পাওনাদার	১০,০০০	৮,০০০
অফিস সরঞ্জাম	৪০,০০০	৫০,০০০
ব্যাংক ঋণ	১০,০০০	৫,০০০

- ক. বাশার সাহেবের প্রারম্ভিক সম্পদের পরিমাণ কত? ২
 খ. বাশার সাহেবের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় করো। ৪
 গ. বাশার সাহেবের লাভ-ক্ষতির পরিমাণ নির্ণয় করো। ৪

৮. ▶ বসু মিঞার ব্যবসায়ের ২০১৬ সালের জুন মাসের কিছু লেনদেন নিম্নরূপ:
জুন ৮ কারওয়ান বাজারের মতিলাল স্টোরস থেকে প্রতি টিন ৩,৫০০ করে ৭৫ টিন সয়াবিন তেল ক্রয়। কারবারি বাট্টা ৮% ও চালান নং ১৭।

" ২৫ সদরঘাটের 'শাহী স্টোরস' থেকে প্রতি বস্তা ২,২০০ টাকা দরে ৪০ বস্তা আটা ক্রয়। কারবারি বাট্টা ৯% ও চালান নং ২৪।

- ক. ৮ তারিখের জন্য একটি চালান প্রস্তুত করো। ২
খ. বসু মিঞার একটি ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪
গ. লেনদেনসমূহের ভিত্তিতে সহকারী খতিয়ানগুলো তৈরি করো। ৪

৯. ▶ জনাব রকিবের ২০১৫ সালের ডিসেম্বর মাসের খতিয়ান উদ্ভূতগুলো নিম্নরূপ:

মূলধন ৭৫,০০০ টাকা, মজুদ পণ্য (১.১.১৫) ৫০,০০০ টাকা, ক্রয় ৭০,০০০ টাকা, মজুরি ১৫,০০০ টাকা, বাট্টা ১২,০০০ টাকা, হাতে নগদ (৩১.১২.১৫) ৭৫,০০০ টাকা, বিক্রয় ১,০০,০০০ টাকা, বকেয়া বেতন ২২,০০০ টাকা, হাতে নগদ (১.১.১৫) ২৫,০০০ টাকা, অগ্রিম শিক্ষানবিশ সেলামি ১০,০০০ টাকা, মজুদ পণ্য (৩১.১২.১৫) ৬২,০০০ টাকা, মোটরযান ২৩,০০০ টাকা, ব্যাংক উদ্ভূত (৩১.১২.১৫) ২২,০০০ টাকা, ঋণ ৬০,০০০ টাকা।

- ক. রেওয়ামিল বহির্ভূত খতিয়ান উদ্ভূতের পরিমাণ কত? ২
খ. উদ্ভূতগুলো থেকে মোট সম্পদ ও দায়ের পার্থক্য নির্ণয় করো। ৪
গ. খতিয়ান উদ্ভূতগুলো নিয়ে একট রেওয়ামিল তৈরি করো। ৪

১০. ▶ 'নাদিয়া ফার্নিসার্স' ৩০০টি আলমারি প্রস্তুতের জন্য নিম্নোক্ত খরচগুলো করে:

কাঁচামাল ক্রয়	৪৫,০০০ টাকা
শ্রমিকের মজুরি	৩০,০০০ টাকা
পরিবহন খরচ	২০,০০০ টাকা

কারখানা উপরিব্যয় মজুরির ২০%। অফিস ও বিক্রয় উপরিব্যয় কারখানা উপরিব্যয়ের ৫০%।

- ক. নাদিয়া ফার্নিসার্সের কারখানা উপরিব্যয় কত? ২
খ. নাদিয়া ফার্নিসার্সের মোট ব্যয় নির্ণয় করো। ৪
গ. মোট ব্যয়ের ২০% লাভে আলমারি বিক্রয় করলে ১টি আলমারির বিক্রয়মূল্য কত? ৪

১১. ► ২০১৫ এর ১ জানুয়ারি বারী সাহেবের পারিবারিক অবস্থা ছিল নিম্নরূপ:
 ফ্ল্যাটবাড়ি ১৫,০০,০০০ টাকা, বিনিয়োগ ২০,০০০ টাকা, আসবাবপত্র
 ১,০০,০০০ টাকা, গহনা ১,২৫,০০০ টাকা, ব্যাংক ঋণ ১,৫০,০০০ টাকা।

বারী সাহেবের প্রাপ্তি ও প্রদানসমূহ

৩১ ডিসেম্বর, ২০১৫

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
বেতন	৪,৪০,০০০	মনিহারি	৬০,০০০
বিনিয়োগের সুদ	১,৫০০	খাদ্য ক্রয়	২,০৫,০০০
পার্টটাইম চাকরি	১,৫০,০০০	বস্ত্র ক্রয়	৪০,০০০
		টেলিভিশন ক্রয়	৬৫,০০০
		শিক্ষা খরচ	৫৫,০০০
		আপ্যায়ন	২১,০০০
		ঋণ পরিশোধ	৩০,০০০
		বাড়িভাড়া	৫০,০০০
		উদ্ধৃত	৬৫,৫০০
	<u>৫,৯১,৫০০</u>		<u>৫,৯১,৫০০</u>

অন্যান্য তথ্য : বিনিয়োগের সুদ ৫০০ টাকা পাওয়া যায়নি।

- ক. বারী সাহেবের পারিবারিক তহবিল নির্ণয় করো। ২
- খ. ৩১ ডিসেম্বরের জন্য একটি আয়-ব্যয় হিসাব প্রস্তুত করো। ৪
- গ. বারী সাহেবের পরিবারের একটি আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।।

উদ্দীপকটি পড়ো এবং ১-৩ নং প্রশ্নের উত্তর দাও:

সোহাগ মটরস-এর প্রারম্ভিক ও সমাপনী সম্পদ যথাক্রমে ২,২০,০০০ ও ১,৭০,০০০ টাকা। প্রতিষ্ঠানটি প্রারম্ভিক ও সমাপনী দায় যথাক্রমে ৫৫,০০০ ও ৬৫,০০০ টাকা। উক্ত প্রতিষ্ঠানের উত্তোলন ৩০,০০০ টাকা।

১. সোহাগ মটরস-এর প্রারম্ভিক মূলধন কত?

- (ক) ২,২০,০০০ (খ) ১,৫৫,০০০
(গ) ১,৬৫,০০০ (ঘ) ৫৫,০০০

২. সোহাগ মটরস-এর সমাপনী মূলধন কত?

- (ক) ১,৭০,০০০ (খ) ১,০৫,০০০
(গ) ২,৩৫,০০০ (ঘ) ৬৫,০০০

৩. প্রতিষ্ঠানটির লাভ বা ক্ষতির পরিমাণ কত?

- (ক) লাভ ৯০,০০০ টাকা
(খ) লাভ ৭৫,০০০ টাকা
(গ) ক্ষতি ৩০,০০০ টাকা
(ঘ) ক্ষতি ৯০,০০০ টাকা

৪. পণ্য বিক্রয় ও আয়ের জন্য যে ভাউচার তাকে কী বলে?

- (ক) ডেবিট ভাউচার (খ) ক্রেডিট ভাউচার
(গ) ডেবিট নোট (ঘ) ক্রেডিট নোট

৫. নগদান বইয়ের ব্যাংক কলামের ক্রেডিট জের কী নির্দেশ করে?

- (ক) হাতে নগদ
(খ) ব্যাংক জমা
(গ) ব্যাংক জমাতিরিক্ত
(ঘ) নগদ উত্তোলন

৬. বিক্রয় খতিয়ানের উদ্বৃত্তকে কোন হিসাব ধরতে হয়?

- (ক) দেনাদার (খ) পাওনাদার
(গ) প্রাপ্য বিল (ঘ) প্রদেয় বিল

৭. ব্যবসায় প্রতিষ্ঠান স্থানান্তর ব্যয় কোন ধরনের ব্যয়?

- (ক) বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
(খ) মূলধন জাতীয় ব্যয়
(গ) মুনাফা জাতীয় ব্যয়
(ঘ) মূলধনায়িত ব্যয়

৮. কোন হিসাবটি রেওয়ামিলে বসবে না?

- (ক) সাধারণ সঞ্চিত
(খ) অনাদায়ী দেনা সঞ্চিত
(গ) প্রারম্ভিক মজুদ পণ্য
(ঘ) সমাপনী মজুদ পণ্য

৯. রেওয়ামিল তৈরির উদ্দেশ্য হলো—

- i. গাণিতিক শুদ্ধতা যাচাই
ii. হিসাবের ভুল-ত্রুটি উদঘাটন
iii. দু'তরফা দাখিলার সঠিক ব্যবহার
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i
(গ) ii (ঘ) i, ii ও iii

১০. হিসাব তথ্যের বাহ্যিক ব্যবহারকারী কে?

- (ক) মালিক (খ) পাওনাদার
(গ) ব্যবস্থাপক (ঘ) হিসাবরক্ষক

১১. হিসাব সমীকরণের বর্ধিতরূপে E দ্বারা কী বুঝায়?

- (ক) Equity (খ) Expansion
(গ) Expenses (ঘ) Extra

১২. প্রাপ্য বিল কোন জাতীয় হিসাব?

- (ক) আয় (খ) দায়
(গ) সম্পদ (ঘ) ব্যয়

১৩. ঋণগ্রহণ কোন জাতীয় লেনদেন?

- (ক) মুনাফা জাতীয় আয়
(খ) মূলধন জাতীয় প্রাপ্তি
(গ) মূলধন জাতীয় ব্যয়
(ঘ) মুনাফাজাতীয় ব্যয়

১৪. লেনদেনের জন্য প্রযোজ্য দলিলগুলো হলো—

- i. চালান
ii. ভাউচার
iii. নগদান বই

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫. প্রতিষ্ঠানের জন্য কাগজ, কলম ও পেনসিল ক্রয় করলে কোন হিসাব ডেবিট হয়?

- (ক) ক্রয় হিসাব
(খ) অফিস সাপ্লাইজ হিসাব
(গ) অফিস সরঞ্জাম হিসাব
(ঘ) মনিহারি হিসাব

১৬. কোন জাবেদার মাধ্যমে মুনাফা জাতীয় আয় ও ব্যয় হিসাবসমূহ বন্ধ করা হয়?

- ক) সংশোধনী জাবেদা
খ) সমন্বয় জাবেদা
গ) সমাপনী জাবেদা
ঘ) প্রারম্ভিক জাবেদা

১৭. খতিয়ান হিসাবে c/d দ্বারা কী বুঝায়?

- ক) নীচে নীত
খ) সম্মুখে নীত
গ) পেছন থেকে আনীত
ঘ) ওপর থেকে আনীত

১৮. রেওয়ামিলে কত প্রকার করণিক ভুল সংঘটিত হয়?

- ক) ৩ প্রকার খ) ৪ প্রকার
গ) ৫ প্রকার ঘ) ২ প্রকার

১৯. মুখ্য ব্যয়ের জন্য প্রয়োজন—

- i. প্রত্যক্ষ কাঁচামাল
ii. প্রত্যক্ষ শ্রম
iii. প্রত্যক্ষ খরচ

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:

বনির কাছ থেকে ৫% বাট্টায় ৬,০০০ টাকার পণ্য নগদে ক্রয় এবং লিসার কাছ থেকে ৭,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৬,৫০০ টাকা পাওয়া গেল।

২০. উপর্যুক্ত তথ্য অনুযায়ী নগদান বইতে কত টাকা বাট্টা অন্তর্ভুক্ত হবে?

- ক) ৩০০ টাকা খ) ৬০০ টাকা
গ) ৭০০ টাকা ঘ) ৫০০ টাকা

২১. নগদান বইতে বনির হিসাবে নগদের ঘরে কত টাকা বসবে?

- ক) ৬,০০০ টাকা খ) ৫,৭০০ টাকা
গ) ৫,৪০০ টাকা ঘ) ৫,০০০ টাকা

২২. কোনটি অপরিচালন ব্যয়?

- ক) মূলধনের সুদ খ) মজুরি
গ) উপভাড়া ঘ) বিমা খরচ

২৩. কোনটি বিক্রয় উপরিব্যয়?

- ক) টেলিফোন বিল
খ) অফিস ভাড়া
গ) বিজ্ঞাপন খরচ
ঘ) যন্ত্রপাতির অবচয়

২৪. সাধারণ খতিয়ানের বাইরে প্রতিটি দেনাদার ও প্রতিটি পাওনাদারের নামে স্বতন্ত্র খতিয়ান তৈরি করাকে কী বলে?

- ক) পাকা বই খ) সহকারী বই
গ) দৈনিক বই ঘ) সহকারী খতিয়ান

২৫. আর্থিক বিবরণী প্রস্তুতকরণ হিসাব চক্রের কততম ধাপ?

- ক) ৫ম ধাপ খ) ৬ষ্ঠ ধাপ
গ) ৭ম ধাপ ঘ) ৮ম ধাপ

২৬. মালিক কর্তৃক উত্তোলন করা হলে হিসাব সমীকরণের ওপর কী প্রভাব পড়বে?

- ক) E হ্রাস ও A হ্রাস
খ) E বৃদ্ধি ও A হ্রাস
গ) E বৃদ্ধি ও A বৃদ্ধি
ঘ) E বৃদ্ধি ও L হ্রাস

২৭. তারল্য অনুপাত কত হওয়া ভাল?

- ক) ২ : ১ খ) ১ : ১
গ) ৩ : ১ ঘ) ১ : ২

২৮. প্রতিষ্ঠানকে প্রদত্ত চেক কোন ধরনের হয়—

- ক) বাহকচেক খ) হুকুমচেক
গ) দাগকাটা চেক ঘ) ব্যবসায়িক চেক

২৯. কোনটি অগ্রিম খরচ—

- i. অগ্রিম শিক্ষানবিশ সেলামি
ii. অগ্রিম উপভাড়া
iii. অগ্রিম বেতন

নিচের কোনটি সঠিক?

- ক) i খ) ii
গ) iii ঘ) i ও iii

৩০. পরিবারের আয়-ব্যয়ের অর্থনৈতিক পরিকল্পনাকে কী বলে?

- ক) পারিবারিক তহবিল
খ) পারিবারিক বাজেট
গ) পারিবারিক হিসাব
ঘ) পারিবারিক আর্থিক বিবরণী

১	গ	২	খ	৩	গ	৪	খ	৫	গ	৬	ক	৭	ক	৮	ঘ	৯	ঘ	১০	খ	১১	গ	১২	গ	১৩	খ	১৪	ক	১৫	ঘ
১৬	গ	১৭	ক	১৮	খ	১৯	ঘ	২০	ঘ	২১	খ	২২	ক	২৩	গ	২৪	ঘ	২৫	ঘ	২৬	ক	২৭	খ	২৮	গ	২৯	গ	৩০	খ